



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd



স্মারক নং : পনি/মাধ্যঃ/০৫/০৪(২)/২৫

তারিখ : ০৮-০৬-২০২০ খ্রি.

বিষয় : এসএসসি-২০২০ পরীক্ষার পুনঃ নিরীক্ষণের জন্য উত্তরপত্র প্রেরণ সংক্রান্ত।

এসএসসি পরীক্ষা-২০২০ এর উত্তরপত্র পুনঃনিরীক্ষার জন্য পরীক্ষার্থীদের আবেদনের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট উত্তরপত্রগুলোর তালিকা বোর্ডের ওয়েব সাইটের Latest Notice-এ দেয়া হয়েছে।

এসএসসি পরীক্ষা-২০২০ এর প্রধান পরীক্ষকগণকে ওয়েব সাইটে উল্লিখিত ক্রমিকের উত্তরপত্রগুলো আগামী ০৯-০৬-২০ খ্রি. তারিখ হতে ১৩-০৬-২০২০ খ্রি. তারিখের মধ্যে সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক(মাধ্যঃ)এর দপ্তরে/মাধ্যমিক বিভাগে নিজে উপস্থিত হয়ে অথবা উপযুক্ত প্রতিনিধির মাধ্যমে জমা দেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

- বিঃ দ্রঃ
- ১) উত্তরপত্র জমাদানের পূর্বে ভালোভাবে মিলিয়ে ক্রমানুসারে সাজিয়ে জমা দিতে হবে।
 - ২) কোনো ত্রুটি পরিলক্ষিত হলে ত্রুটির বিবরণ উত্তরপত্রের সাথে জমা দিতে হবে।
 - ৩) উত্তরপত্রের প্রাপ্ত নম্বর কোনক্রমেই সংশোধন করা যাবে না।
 - ৪) কোনো উত্তরপত্রের নম্বর পূর্বেই সংশোধন করা থাকলে নম্বরপত্রের কপিসহ সংশোধনের বিবরণ জমা দিতে হবে।

(প্রফেসর মাধব চন্দ্র রানা)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোনঃ ০৪২১-৬৮৬৬৬

প্রধান পরীক্ষকগণ

এসএসসি পরীক্ষা-২০২০

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd



স্মারক নং: পনি/উমা/বিজ্ঞপ্তি/১০৭

তারিখ: ২৯/০৭/২১ খ্রি:

বিষয়: ২০২১ সালের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট জমাদান সংক্রান্ত

সূত্র: আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক উপ কমিটি ২৯/০৭/২১ খ্রি: তারিখের ৭৯ নং স্মারক পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ২০২১ সালের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বিশ্বব্যাপী কোভিড-১৯ অতিমারির কারণে ২০২১ সালের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষা পুনর্বিন্যাসকৃত সিলেবাস অনুযায়ী শুধু গ্রুপভিত্তিক ৩টি নৈর্বাচনিক বিষয়ে অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময় ও পরীক্ষার নম্বর হ্রাস করে স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষা গ্রহণ করা হবে।

২। ২০২১ সালের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার নিয়মিত, অনিয়মিত, আংশিক বিষয়ে অকৃতকার্য, প্রাইভেট পরীক্ষার্থী ও জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীর পরীক্ষার প্রস্তুতির অংশ হিসেবে অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ আবশ্যিক।

৩। ক) ২০২১ সালের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার নিয়মিত, অনিয়মিত, প্রাইভেট পরীক্ষার্থী ও জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীকে শুধু গ্রুপভিত্তিক ৩টি নৈর্বাচনিক বিষয়ের অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে।

খ) আংশিক বিষয়ে অকৃতকার্য (এক/দুই বিষয়ে অকৃতকার্য) পরীক্ষার্থী যদি নৈর্বাচনিক বিষয়ে অকৃতকার্য হয়ে থাকে সেক্ষেত্রে পরীক্ষার্থীকে তার অকৃতকার্য নৈর্বাচনিক বিষয়ে অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে। উদাহরণ- একজন আংশিক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থী বাংলা (আবশ্যিক বিষয়) ও রসায়ন (নৈর্বাচনিক বিষয়)-এ অকৃতকার্য হলে সেক্ষেত্রে শুধু রসায়ন বিষয়ের অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ করবে।

গ) আবশ্যিক ও চতুর্থ বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীকে অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে না।

৪। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা এর ওয়েবসাইট থেকে শিক্ষার্থীদের জন্য প্রদত্ত অ্যাসাইনমেন্ট সংগ্রহ করে নির্দেশিকা মোতাবেক সম্পন্ন করবে এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে জমা দিবে।

বিষয়টি অতীব জরুরী।

প্রতিষ্ঠান প্রধান

যশোর বোর্ডের অধীন মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান

(প্রফেসর মাধব চন্দ্র রুদ্র)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

ফোন-০৪২১-৬৮৬৬৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
৩. পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, খুলনা অঞ্চল
৪. উপপরিচালক (উমা) ও (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
৫. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের অবহিতের জন্য), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
৬. অফিস কপি



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd



স্মারক : বিজ্ঞপ্তি/মাধ্য/পনি-৬৩/৫২

তারিখ : ৩০-০৭-২০২১ খ্রি.

বিষয় : এসএসসি পরীক্ষা-২০২১ এর ফরমপূরণ ও “Final Submit” এর সময় বৃদ্ধি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে, কিছু প্রতিষ্ঠান প্রধানের আবেদনের পরিপ্রেক্ষিতে জানা যায় যে, চলমান অতিমারির কারণে ২০২১ সালের এসএসসি পরীক্ষার কিছু পরীক্ষার্থী যথাসময়ে ফরমপূরণ করতে পারেনি। সে সব পরীক্ষার্থীর জন্য আগামী ০১-০৮-২০২১ খ্রি. তারিখ হতে ০৮-০৮-২০২১ খ্রি. তারিখ পর্যন্ত ফরমপূরণের সময় বৃদ্ধি করা হলো।

প্রতিষ্ঠানসমূহকে আগামী ১০-০৮-২০২১ খ্রি. তারিখের মধ্যে “Final Submit” সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

বি. দ্র. : কোন অবস্থায় ছাত্র/ছাত্রী যেন প্রতিষ্ঠানে না আসে সে বিষয়টি প্রতিষ্ঠান প্রধান নিশ্চিত করবেন।

(প্রফেসর মাধব চন্দ্র রুদ্দ)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

ফোন : ০৪২১-৬৮৬৬৬

ই-মেইল : controller@jessoreboard.gov.bd

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

এ বোর্ডের অধীন নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও

উচ্চমাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান